অবহিত কার্যার্থে/ প্রয়োজনীয় ব্যবস্থা-

উপজেলা পরিষদ
বাউফল,পটুয়াখালী।

চতুর্থ উপজেলা পরিষদের ৩২ তম সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আলহাজ্ব ইঞ্জিনিয়ার মোঃ মজিবুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল। |
| সভার তারিখ | ঃ | ১১ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১০.৩০ ঘটিকা । |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্য এবং উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট পত্র "ক" দ্রষ্টব্য

সভার শুরুতে পবিত্র কোরআন তেলওয়াত ও গীতা পাঠ করা হয়। সভার প্রারম্ভে সভাপতি মহান বিজয় দিবসের মাসের স্মরনে বক্তব্য দেন। ১৯৭১ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে স্বাধীনতা যুদ্ধে যে সকল মুক্তিযোদ্ধা, রাজনৈতিক ব্যক্তিত্ব, দেশের ৩০ লক্ষ লোক শহীদ হয়েছে, ৬ লক্ষ নারী ইজ্জত দিয়েছে তাঁদের স্মরনে, জাতির জনক বঙ্গবন্ধু, জাতীয় চার নেতা, বঙ্গবন্ধুর পরিবারসহ সকল শহীদদের আত্মার প্রতি শ্রদ্ধা ও তাঁদের আত্মদানের প্রতি সভায় কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। এ ছাড়াও পটুয়াখালী জেলা পরিষদের চেয়ারম্যান, পটুয়াখালী জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক, বীর মুক্তিযোদ্ধা খাঁন মোশারেফ হোসেন এঁর মৃত্যুতে সভায় তাঁর আত্মার প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয় এবং তাঁর পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। অতপর সকলের আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে সভায় এক মিনিট নিরবতা পালন করা হয় এবং আত্মার শান্তির জন্য দোয়া মোনাজাত করা হয়। এরপরে ৩২ তম সভার আলোচ্য সূচী সভায় উপস্থাপন এবং ৪র্থ উপজেলা পরিষদের ৩১ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরনার্থে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা চতুর্থ উপজেলা পরিষদের ৩১ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন এবং দৃঢ়ীকরনার্থে মতামত প্রদানের জন্য সভাষদবর্গকে অনুরোধ জানান। চেয়ারম্যান নাজিরপুর ইউপি বলেন- ৩১ তম সভার ক্রমিক ০৩ (খ) সিদ্ধান্ত ০১ ও ০২ এর প্রকল্পগুলি গ্রহণ যুক্তিযুক্ত কিনা তা পুন: বিবেচনার জন্য দাবী করেন। সিদ্ধান্ত ০২ প্রকল্পটিতে ৫.০০ লক্ষ টাকা অধিক ব্যয় বলে মনে করেন। এ প্রসঙ্গে সভাপতি বলেন- উপজেলা নির্বাহী কর্মকর্তার জোর সুপারিশে ৩১ তম সভায় প্রকল্পগুলি উথাপিত হলে পরিষদ সদস্যগণ একমত পোষণ করায় সর্ব সম্মতিক্রমে প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছিল। অত:পর উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন- প্রকল্প ০২ (৫.০০ লক্ষ টাকার প্রকল্প) উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছিল, সেহেতু উপজেলা প্রকৌশলী প্রাক্কলনটি পুন: পরীক্ষা করে প্রকল্প বাস্তবায়ন করবেন। এছাড়াও ২৯ তম সভায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হিসেবে নুরুল ইসলাম, পিতা মৃত- মো: আফসের আলী মৃধা, রহমান মেডিকেল হল, গাজীমাঝি বাজার ব্রীজ সংলগ্ন এর অনুকূলে ১০,০০০/- বরাদ্দ করা হয়েছিল, কিন্তু এ ক্ষেত্রে অগ্নিকান্ডের পরিবর্তে ঝড়ে ক্ষতিগ্রস্থ হবে। এরপরে অন্য কোন সংশোধনী না থাকায় চতুর্থ উপজেলা পরিষদের ৩১ তম সভার কার্যবিবরণী সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

চতুর্থ উপজেলা পরিষদের ৩২ তম সভার আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিভাগীয় আলোচনা :<br>(ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন- মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের | সিদ্ধান্ত - ০১ : মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ০৪ টি জোন ও উপজেলা পর্যায়ে ৪৭ | |

| | | | |
|---|---|---|---|
| | জন্য ৪৭ তম জাতীয় শীতকালীন ক্রীড়া অনুষ্ঠান পরিচালনায় প্রতিষ্ঠানের অনুদান দ্বারা বাস্তবায়ন করা সম্ভব হয় না। আগামী ১৯ ডিসেম্বর হতে ২৬ ডিসেম্বর পর্যন্ত এ ক্রীড়া কার্যক্রম পরিচালনা হবে। বাউফল উপজেলায় ০৪ টি জোন ও উপজেলা পর্যায়ে কেন্দ্রীয়ভাবে খেলাধুলার কার্যক্রমের জন্য সভায় ১,৫০,০০০/- টাকা অনুদানের দাবী জানানো হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা এ বিষয়ে একমত পোষণ করে বক্তব্য দেন। অত:পর সভায় আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | তম শীতকালীন ক্রীড়া অনুষ্ঠান পরিচালনার জন্য ০৪ টি জোনে ৪ x ২০,০০০ = ৮০,০০০/- টাকা ও উপজেলা পর্যায়ে ৫০,০০০/- টাকা সর্বমোট ১,৩০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। তহবিল- পরিষদ রাজস্ব ২০১৭-১৮, খাত- ক্রীড়া। প্রকল্প কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্প কমিটি নিম্নরূপ :-<br>চেয়ারম্যান- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল।<br>সদস্য- উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।<br>সদস্য- উপজেলা একাডেমিক সুপারভাইজার।<br>সদস্য- প্রধান শিক্ষক,বাউফল মডেল মা: বি:<br>সদস্য- প্রধান শিক্ষক, বীরপাশা মা: বি:<br>সদস্য- প্রধান শিক্ষক, কালাইয়া মা: বি:<br>সদস্য- প্রধান শিক্ষক, কালিশুরী এন এস ইনষ্টিউটশন | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ০১ | (খ) <u>উপজেলা প্রকৌশল বিভাগ</u> : উপজেলা প্রকৌশলী সভায় বলেন- তার স্বাক্ষরিত কয়েকটি উন্নয়ন প্রকল্প আনুসঙ্গিক ব্যয় সংক্রান্ত প্রকল্প কার্যবিবরণী পত্র সভায় উত্থাপন করা হয়েছে যা সকল সদস্যগণকে দেখার জন্য ও মতামত প্রদান এবং অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান। পরিষদের ৩১ তম সভায় ফোয়ারা নির্মাণের জন্য ৪,০০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হয়। কিন্তু পূর্ব কাজ ও সৌন্দর্য বর্ধনের জন্য আরও ১,২০,০০০/- টাকা অতিরিক্ত প্রয়োজন বলে সভায় উল্লেখ করা হয়। এছাড়াও উপজেলা পরিষদ কর্মকর্তা/কর্মচারীদের ক্রীড়ার জন্য একটি ব্যাডমিন্টন কোর্ট নির্মাণ করার লক্ষে ১,৯৫,০০০/- টাকার প্রকল্প উত্থাপন করা হয়। তিনি আরও বলেন, পরিষদ চত্তর অভ্যান্তরে অফিসার্স কোয়ার্টার (শ্যামলী) সিঁড়ি ঘরের ছাউনি সংস্কার কাজের জন্য ১,০০,০০০/- টাকার প্রকল্প উপস্থাপণ করা হয়। উল্লেখ্য এই ১,০০,০০০/- টাকা উক্ত ভবন সংস্কার কাজের প্রাক্কলন হতে বাদ দেয়া হবে। বিশেষ ভাবে উপজেলা প্রকৌশলী সভায় সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন, প্রাথমিক বিদ্যালয়ে নূতন ভবন নির্মাণ কল্পে শিক্ষার্থীদের | <u>সিদ্ধান্ত - ০১</u> : ধানের পোকা নিধনের জন্য ধান পোকা স্প্রে মেশিন ক্রয়ের জন্য ২৫,০০০/- টাকা ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। তহবিল পরিষদ রাজস্ব উন্নয়ন ২০১৭-২০১৮, খাত- কৃষি উন্নয়ন, বিল ভাউচারে বিল পরিশোধযোগ্য বিবেচিত হবে।<br><br><u>সিদ্ধান্ত - ০২</u> : উপজেলা পরিষদের ইউটিসি ভবন-১ ও ২ এর মধ্যবর্তি স্থানের রাবিশ, ময়লা-আবর্জনা পরিষ্কার করণের জন্য ৯,৫০০/- টাকা ব্যয়োত্তর অনুমোদন করা হয়। তহবিল পরিষদ রাজস্ব উন্নয়ন ২০১৭-২০১৮, খাত- আনুসাঙ্গিক, বিল ভাউচারে বিল পরিশোধযোগ্য বিবেচিত হবে।<br><br>সিদ্ধান্ত- ০৩ : উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টারের কম্পিউটার প্রিন্টার বোর্ড ক্রয়ের জন্য ৩,৫০০/- টাকা ব্যয়োত্তর অনুমোদন করা হয়। তহবিল পরিষদ রাজস্ব ২০১৭-২০১৮, খাত- আনুসাঙ্গিক, বিল ভাউচারে বিল পরিশোধযোগ্য বিবেচিত হবে।<br><br>সিদ্ধান্ত- ০৪ : উপজেলা প্রকৌশলী কর্তৃক | |

| | | | |
|---|---|---|---|
| | সাময়িক পাঠ দান লক্ষে ৬টি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে অস্থায়ী শেড নির্মাণ করা এবং ১টি শিক্ষা প্রতিষ্ঠানে টয়লেট ও গভীর নলকূপ স্থানান্তর করা জরুরী প্রয়োজন। এতদ্বিষয়ে সভায় সিদ্ধান্ত প্রদানের জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলীর বক্তব্য সূত্রে পরিষদ সদস্যগণ প্রকল্প গ্রহন বিষয়ে একমত পোষন করেন এবং আরও আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপস্থাপিত কার্যপত্র অনুযায়ী প্রস্তাবিত প্রকল্প সভায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়। তবে প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের সুবিধার্থে ও শিক্ষার্থীদের পাঠ দানের সুবিধার্থে জরুরী ভিত্তিতে অস্থায়ী শেড নির্মাণের জন্য অনুমোদিত ব্যয় ৫,৯০,০০০/- (পাঁচ লক্ষ নব্বই হাজার) টাকা রাজস্ব উন্নয়ন তহবিল হতে ব্যয় মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তিতে এডিপির বিশেষ বরাদ্দ হতে এ ব্যয় সমন্বয় করা হবে। অনুমোদিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি পরিশিষ্ট পত্র "খ" দ্রষ্টব্য। | |
| ০১ | (গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় ৪০ দিনের কর্মসৃজন প্রকল্প, প্রথম পর্যায়ে কাবিটা ও টি আর বরাদ্দ প্রকল্প বিষয়ে সভায় আলোচনা করেন। তিনি সোলার প্যানেল প্রকল্প জরুরী ভিত্তিতে প্রদানের জন্য সভায় সকল ইউপি চেয়ারম্যানের প্রতি অনুরোধ জানান। সোলার প্যানেল স্থাপন, সোলার ষ্ট্রীট লাইট স্থাপন বিষয়ে মদনপুরা, নাজিরপুর ও বগা ইউপি চেয়ারম্যানগণ অভিযোগ উথ্যাপন করে বলেন- ইতোমধ্যে অনেক ষ্ট্রীট লাইট স্থাপন করা হয়েছে, যা জ্বলেনা, বাড়ী ঘরে বা প্রতিষ্ঠানে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে, যা সঠিকভাবে কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হয় বা কিছু দিন আলোর দেয়া পর পুন: বাতি জ্বলেনা। এ ক্ষেত্রে সভাপতি বলেন- দারিদ্র বিমোচন থেকে যে সকল স্থানে সোলার ষ্ট্রীট লাইট স্থাপন করা হয়েছে তা দীর্ঘদিন হলেও উক্ত বাতিগুলি জ্বলে। কিন্তু টি আর অথবা কাবিটা প্রকল্পে যে সকল ষ্ট্রীট লাইট দেয়া হয়েছে, তা অনেকগুলো কার্যক্রমে নেই। বগা ইউপি চেয়ারম্যান বলেন- যে কার্যক্রমে সরকারের ভাবমুর্তি উজ্জল হবে, সেখানে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। সভাপতি বলেন- যে মানের ষ্ট্রীট লাইট বা সোলার প্যানেল সরবরাহ দেয়া হয়েছে উহার মান পরীক্ষা করনের কোন ব্যবস্থা নেই। এ ছাড়াও বাড়ীঘর বা প্রতিষ্ঠানের সোলার প্যানেল স্থাপনে তার সংযোগ কাজে তারের মূল্য ও | সিদ্ধান্ত - ০১ : বাউফল উপজেলায় সাধারণ ও বিশেষ বরাদ্দ ক্ষেত্রে কাবিটা ও টি আর কর্মসূচীর আওতায় স্থাপিত সোলার ষ্ট্রীট লাইট মূল্য অনুযায়ী মান নিরক্ষনের জন্য কমিটি গঠন করা হলো। কমিটি সোলার ষ্ট্রীট, বাড়িঘর বা প্রতিষ্ঠান ভিত্তিক সোলার প্যানেল স্থাপনের পর চলমান কার্যক্রম পরীক্ষণ করে প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কমিটি নিম্নরূপ আহ্বায়ক:- উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>সদস্য - মো: সালাউদ্দিন, উপ সহকারী প্রকৌশলী, ত্রান শাখা।<br>সদস্য সচিব- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br><br>সিদ্ধান্ত - ০২ : উপজেলা পর্যায়ের শীতকালীন কম্বল পরিবহনের জন্য উপজেলায় বরাদ্দের ক্ষেত্রে ১০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। তহবিল- পরিষদ রাজস্ব ২০১৭-১৮, খাত- আনুষঙ্গিক। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br><br>উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | মালামাল পরিবহন ব্যয় গ্রাহকদের নিকট থেকে আদায় করা হয় বলে অভিযোগ রয়েছে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এ বিষয়ে বলেন- সোলার ষ্ট্রীট লাইট মান মূল্যমান হিসেবে নির্নয় করা দুস্কর হয়ে যায়। বাড়িঘর বা প্রতিষ্ঠান ভিত্তিক সোলার প্যানেল স্থাপনে তার সংযোগ ব্যয় বা পরিবহন ব্যয় গ্রাহকদের নিকট থেকে আদায় বিষয়টি তিনি ভালভাবে দেখবেন বলে সভায় আশ্বাস দেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা ত্রান ও দুর্যোগ অধিদপ্তর থেকে সরবরাহকৃত কম্বল (উপজেলা বরাদ্দের ক্ষেত্রে ) পরিবহনের জন্য ১০,০০০/- টাকা বরাদ্দের অনুরোধ জানান। সংশ্লিষ্ট বিভাগের আরো আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০১ | (ঘ) উপজলা পরিচালন ও উন্নয়ন প্রহল্প: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফ (উপজেলা ডেভলপমেন্ট ফেসিলিটের) সভায় বলেন- সকল কমিউনিটি ক্লিনিকে গভীর নলকূপ স্থাপন না করে ৪০টির মধ্যে আনুমানিক ২০ টি কমিউনিটি ক্লিনিকে গভীর নলকূপ স্থাপন করনের জন্য কর্তৃপক্ষ পরামর্শ দেন। কমিউনিটি লেট্রিন স্থাপনের জন্য সভায় সকলে একমত পোষণ করেন। তবে বালিকা বিদ্যালয় বা বালিকা মাদ্রাসায় অগ্রাধিকার বিষয়টি বিবেচনা নেওয়ার জন্য একমত পোষণ করা হয়। এ ছাড়াও নুরাইনপুর লঞ্চ ঘাটের ক্ষতিগ্রস্ত সংযোগ সড়কটি গার্ড ওয়ালসহ এবং সংশ্লিষ্ট স্থানে একটি পাকা ঘাটলা নির্মানের বিষয়ে সভায় আলোচনা হয়। এ প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত : জাইকা অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পে ২০১৭-১৮ অর্থ বছরে (প্রথম পর্যায়) যে সকল প্রকল্প বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় তা পরিশিষ্ট পত্র "গ" দ্রষ্টব্য। | |
| ০১ | (ঙ) উপজেলা কৃষি বিভাগ : ব্রি কর্তৃক উদ্ভাবিত ব্রিধান ৭৬ ও ব্রিধান ৭৭ জাতের ধান বীজ সংগ্রহ, সংরক্ষণ, বিতরণ ও প্রশিক্ষণ কর্মসূচী : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন- সম্প্রতি গবেষণায় ব্রি কর্তৃক উদ্ধাবিত ব্রিধান ৭৬ ও ব্রিধান ৭৭ জাতের ধান আবিস্কৃত হয়েছে। এই দুইটি জাতের ধান বাউফল উপজেলায় স্থানীয় জাতের ধান যেমন | সিদ্ধান্ত : ব্রি কর্তৃক উদ্ধাবিত ব্রিধান ৭৬ ও ব্রিধান ৭৭ জাতের ধানের বীজ সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রমের জন্য ৭০,০০০/- টাকা এবং কৃষক প্রশিক্ষনের জন্য ৩০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। তহবিল- পরিষদ রাজস্ব উন্নয়ন ২০১৭-১৮। (অফিস অংশ) প্রকল্প কমিটি নিম্নরূপ:- | |

| | | | |
|---|---|---|---|
| | সাদা মোটা, লাল মোটা ও মৌলতা জাতের ধানের পরিবর্তে রোপন করা হলে হেক্টর প্রতি প্রায় ১.০০ মে: টন চালের উৎপাদন বৃদ্ধি পাবে। এজন্য এই নতুন দুইটি জাত সম্প্রসারনের লক্ষ্যে বিভিন্ন ইউনিয়নে ভাল কৃষকদের মাঝে বিনামূল্যে নতুন জাতের বীজ ধান দেয়া প্রয়োজন এবং উক্ত কৃষকদের ভালভাবে চাষাবাদ ও পরবর্তীতে বীজ সংরক্ষনের জন্য প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। এ বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহীত হয়। | চেয়ারম্যান- চেয়ারম্যান, চন্দ্রদ্বীপ ইউপি।<br>সদস্য- উপজেলা কৃষি কর্মকর্তা, বাউফল।<br>সদস্য- উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, বাউফল।<br>সদস্য- বিরেন চন্দ্র গোস্বামী, উপ-সহকারী কৃষি কর্মকর্তা।<br>সদস্য- জলিল হোসেন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা।<br>সদস্য- মোঃ রেদওয়ান তালুকদার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা।<br>সদস্য- বিরেশ্বর দাস, উপ- সহকারী কৃষি কর্মকর্তা। | |
| ০২ | বিবিধ- ০১<br>উপজেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তার দায়িত্ব অর্পন : উপজেলা বিভিন্ন বিভাগের তথ্য প্রদান সম্পর্কে সভায় আলোচনা হয়। সভায় সভাপতি বলেন- বিভিন্ন বিভাগের উন্নয়ন মূলক কাজের প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন পদ্ধতি, সামাজিক উন্নয়ন প্রকল্প ও বাস্তবায়ন এবং অগ্রগতি বিষয়টি সার্বক্ষনিক জনগনকে অবহিত করণ (চাহিদা অনুযায়ী) প্রয়োজন। এ ক্ষেত্রে তথ্য অধিকার আইন অবশ্যই অনুসরণ করা বাধ্যতামূলক। এ বিষয়ে পরিষদের সিদ্ধান্তক্রমে একজন তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করা প্রয়োজন। যিনি পরিষদের সকল বিভাগের ন্যস্ত কার্যক্রমের তথ্য প্রদান করিবেন। সভায় এ বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত - ০১ : উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগ সমূহের ন্যস্তকৃত কর্ম যেমন- সামাজিক আর্থিক, উন্নয়ন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, কর্মের অগ্রগতি ইত্যাদি কর্মের তথ্য প্রদানের জন্য ও তথ্য অধিকার আইন অনুযায়ী উপজেলা পরিষদের পক্ষ থেকে তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে- উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাউফল দায়িত্ব পালন করবেন।<br><br>সিদ্ধান্ত - ০২ : সিদ্ধান্ত ০১ আলোকে সকল বিভাগীয় কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সহায়তা করবেন। | উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ০২ | বিবিধ- ০২<br>উপজেলা পরিষদ চত্বরে কিন্ডার গার্ডেন স্কুলের জায়গা ব্যবহার সম্পর্কীত : উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন- উপজেলা পরিষদ চত্বরের উত্তর পশ্চিম কর্নারে দীর্ঘদিন যাবৎ একটি কিন্ডার গার্ডেন স্কুল চলমান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে পরিষদ চত্বরে অবস্থিত অফিসার/ষ্টাফ কোয়ার্টারের বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের ছোট ছোট শিশুরা অধ্যয়ন করে। সেহেতু উক্ত কিন্ডার গার্ডেন স্কুলের জন্য (৩৩ শতাংশ) অবস্থানকৃত জায়গা ব্যবহার করার অনুমোদন প্রয়োজন বলে শিক্ষা কর্মকর্তা সভায় অভিমত ব্যক্ত করেন। এবিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন- উপজেলা পরিষদের কর্মকর্তা/ | সিদ্ধান্ত : বাউফল উপজেলা পরিষদের চত্বরে উত্তর পশ্চিম পার্শ্ব (উত্তর দক্ষিণ রাস্তার পশ্চিম পার্শ্বে) ৩৩ শতাংশ জায়গা সানফ্লাওয়ার কিন্ডার গার্ডেন স্কুলের জন্য অস্থায়ীভাবে জায়গা ব্যবহারের অনুমোদন বিষয়টি সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | কর্মচারীদের ছেলে মেয়েদের শিক্ষার ও চত্বরের পার্শ্বস্থ এলাকার ছেলেমেয়েদের অধ্যয়নের জন্য প্রতিষ্ঠানটি আবশ্যক। সেহেতু উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রস্তাবনা বিষয়টি বিবেচনা করা যায়। সভায় সভাপতি বলেন- উপজেলা পরিষদ চত্বরে উত্তর পশ্চিম স্থানটি পরিত্যক্ত অবস্থায় রয়েছে। সেহেতু অস্থায়ী ভাবে বিষয়টি বিবেচনা করা যায়। সভায় এ বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০২ | বিবিধ-০৩ :<br>উপজেলা পরিষদ চত্বরে স্বাধীনতা স্তম্ভ ও বঙ্গবন্ধু স্মৃতি স্তম্ভ এবং চত্বর এলাকা সংস্কার ও পরিচ্ছন্ন করণ : মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে স্বাধীনতা স্তম্ভ ও বঙ্গবন্ধু স্মৃতি স্তম্ভ সংস্কার, পরিস্কার করণ, রং করনের প্রয়োজন বলে সভায় একমত পোষণ করেন এবং সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত : মহান বিজয় দিবস ২০১৭ উপলক্ষে পরিষদ চত্বরে স্বাধীনতাস্তম্ভ ও বঙ্গবন্ধু স্মৃতি স্তম্ভ ও মুক্তিযোদ্ধা মঞ্চ সংস্কার, পরিস্কার ও রং করনের জন্য ১৫,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়।<br>তহবিল- পরিষদ রাজস্ব ২০১৭-১৮, খাত- আনুষঙ্গিক। বিলভাউচারে বিল পরিশোধযোগ্য হবে। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসের অফিস সহকারী বশির আহম্মেদ দায়িত্ব পালন করবেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ০২ | বিবিধ-০৪<br>উপজেলা পরিষদের নোটিশ বোর্ড ও কর্ম উন্নয়ন প্রদর্শনী বোর্ড সংস্কার : উপজেলা পরিষদের ইউর্ডিসি ভবনের (ভবন ০১) নীচ তলায় অবস্থিত পরিষদের নোটিশ বোর্ড ও কর্ম উন্নয়ন প্রদর্শনী বোর্ডের পরিস্কার ও সংস্কার (তালা স্থাপনসহ) করা প্রয়োজন। সভায় এ বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত : উপজেলা পরিষদের নোটিশ বোর্ড ও কর্ম উন্নয়ন প্রদর্শনী বোর্ডের পরিস্কার ও সংস্কার (তালা স্থাপনসহ) বৈদ্যুতিক কাজের জন্য ৫,৫০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। তহবিল- পরিষদ রাজস্ব ২০১৭-১৮, খাত- আনুষঙ্গিক। বিলবাউচারে বিল পরিশোধযোগ্য হবে। এবিষয়ে রশেদুজ্জামান দায়িত্ব পালন করবেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ০২ | বিবিধ-০৫<br>উন্নয়ন মূলক কাজে অবৈধভাবে স্থানীয় খাল, পুকুর হতে বালি উত্তোলন প্রসঙ্গে : চেয়ারম্যান বগা ইউপি বলেন- বিভিন্ন উন্নয়ন মূলক কাজে স্থানীয় খাল, পুকুর হতে নিম্ন মানের বালি উত্তোলন করে রাস্তার উন্নয়ন কাজে, ভবন নির্মানের ভিটিতে ব্যবহার করার অভিযোগ রয়েছে। এবিষয়ে আশু ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্তের অনুরোধ জানানো হয়। বগা ইউপি চেয়ারম্যানের বক্তব্য সমর্থন করে নাজিরপুর ইউপি চেয়ারম্যান ও সভার সভাপতি | সিদ্ধান্ত - ০১ : পরিবেশ ও ভূকম্পনের বিপত থেকে ভূমি রক্ষার্থে বাউফল উপজেলায় বিভিন্ন রাস্তার উন্নয়ন কাজে, ভবন বা বিভিন্ন অবকাঠামো নির্মাণ কাজে স্থানীয়ভাবে খাল, পুকুর বা ডোবা অথবা অন্যকোন উৎস থেকে স্থানীয় বালি যান্ত্রিকভাবে উত্তোলন করা সম্পূর্ন নিষিদ্ধ বলে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত - ০২ : সিদ্ধান্ত ০১ আলোকে উপজেলা প্রকৌশল বিভাগ ও উপজেলা কৃষি বিভাগ দায়িত্ব | উপজেলা কৃষি কর্মকর্তা ও প্রকৌশলী এলজিইডি |

| | | | |
|---|---|---|---|
| | বক্তব্য দেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে বিশেষ সতর্ক ব্যবস্থা নেয়ার জন্য ও উপজেলা প্রকৌশলী ও কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সভায় এ বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | এবং গুরুত্বের সংগে পালন করবেন এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পরিষদ চেয়ারম্যানকে অবহিত করবেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা ভূমি ও পরিবেশ আইন অনুযায়ী ব্যবস্থা নিবেন। | |
| ০২ | বিবিধ-০৬<br>পাম্প মেশিনে গ্রীজ ও প্যাকিং ক্রয় : উপজেলা পরিষদের সংশ্লিষ্ট অফিস সহকারী জানান- উপজেলা পরিষদের পাম্প মেশিন সচল রাখার জন্য নিয়মিত গ্রীজ ও প্যাকিং ব্যবহার করতে হয়। এজন্য ফেব্রুয়ারি, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত গ্রীজ ও প্যাকিং ব্যবহার করতে স্থানীয় বাজার হতে ২০,৮০০/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করেন। | সিদ্ধান্ত : ফেব্রুয়ারি, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত গ্রীজ ও প্যাকিং ব্যবহার করতে স্থানীয় বাজার হতে ২০,৮০০/- টাকা ব্যয় করা হয়েছে যা ভাউচার অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খাত- পাম্প মেশিন রক্ষনাবেক্ষণ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |

সভায় অন্য কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি পরিষদের সদস্যবৃন্দ ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/১২/২০১৭

আলহাজ্ব ইঞ্জিনিয়ার মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাউফল, পটুয়াখালী
তারিখঃ ১২/১২/২০১৭ খ্রিঃ

**বি: দ্রঃ ঃ পরিশিষ্ট পত্র "ক" "খ" ও "গ" সংযুক্ত।**

স্মারক নং- ০৫.০০.০৮৫৪.০০০.৩৬.০০১.১৪- ২৫০

**অনুলিপি সদয় অবগতি / কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব আলহাজ্ব আ,স,ম ফিরোজ এমপি ও মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৫। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল।
০৭। মেয়র, বাউফল পৌরসভা, বাউফল, পটুয়াখালী।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
০৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল।
১০। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বাউফল।
১১। উপজেলা.......................................................................কর্মকর্তা।
১২। চেয়ারম্যান ............................ইউনিয়ন পরিষদ।
১৩। জনাব.......................................বাউফল, পটুয়াখালী।

১২/১২/১৭

মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান
উপজেলা নির্বাহী অফিসার
বাউফল, পটুয়াখালী।

**চতুর্থ উপজেলা পরিষদের ৩২ তম সভায় উপস্থিত পরিষদ সদস্য এবং উপস্থিত কর্মকর্তাবৃন্দ পরিশিষ্ট পত্র - "ক"**

১. জনাব আলহাজ্ব ইঞ্জিঃ মোঃ মজিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল।
২. জনাব মোসারেফ হোসেন খান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল।
৩. প্রতিনিধি, মেয়র, বাউফল পৌরসভা।

৪. প্রতিনিধি, কাছিপাড়া ইউপি।
৫. চেয়ারম্যান, কালিশুরী ইউপি।
৬. প্রতিনিধি, কেশবপুর ইউপি।
৭. চেয়ারম্যান, সূর্যমনি ইউপি।
৮. প্রতিনিধি, কনকদিয় ইউপি।
৯. চেয়ারম্যান, বগা ইউপি।
১০. চেয়ারম্যান, নাজিরপুর ইউপি।
১১. চেয়ারম্যান, বাউফল ইউপি।
১২. প্রতিনিধি, দাসপাড়া ইউপি।
১৩. চেয়ারম্যান, মদনপুরা ইউপি।
১৪. প্রতিনিধি, নওমালা ইউপি।
১৫. চেয়ারম্যান, আদাবাড়িয়া ইউপি।
১৬. চেয়ারম্যান, চন্দ্রদ্বীপ ইউপি।
১৭. মোসাঃ মাহমুদা বেগম, সংরক্ষিত আসনের মহিলা সদস্য।
১৮. মোসাঃ ইসরাত জাহান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য।

<u>অনুপস্থিত সদস্য</u>

১. মোসাঃ রেহানা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান।
২. চেয়ারম্যান, ধুলিয়া ইউপি।
৩. চেয়ারম্যান কালাইয়া ইউপি।

<u>উপস্থিত কর্মকর্তাবৃন্দ</u> ঃ

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাউফল।
২. প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, বাউফল।
৩. উপজেলা পরিবার পকিল্পনা, কর্মকর্তা।
৪. উপজেলা কৃষি কর্মকর্তা , বাউফল।
৫. উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, বাউফল।
৬. উপজেলা মৎস কর্মকর্তা, বাউফল।
৭. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাউফল।
৮. উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাউফল।
৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাউফল।
১০. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাউফল।
১১. উপজেলা প্রকৌশলী, বাউফল।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাউফল।
১৩. উপজেলা সমবায় কর্মকর্তা, বাউফল।
১৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাউফল।
১৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,বাউফল।
১৬. উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নার্সারী।

১২/১২/২০১৪

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাউফল, পটুয়াখালী।

উপজেলা পরিষদ
বাউফল, পটুয়াখালী।

চতুর্থ উপজেলা পরিষদের ৩২ তম সভার ক্রমিক ০১ (খ) সিদ্ধান্ত ০৪ মতে পরিশিষ্ট পত্র "খ"

অনুমোদিত প্রকল্প, বাস্তবায়ন পদ্ধতি ও পকল্প কমিটি নিম্নরূপ

১। বাউফল উপজেলা পরিষদ চত্বরে ব্যাডমিন্টন খেলার মাঠ উন্নয়ন, বরাদ্দ- ১,৯৫,০০০/- টাকা। তহবিল- পরিষদ রাজস্ব উন্নয়ন ২০১৭-১৮। (অফিস অংশ) প্রকল্প কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প কমিটি নিম্নরূপঃ-

চেয়ারম্যান- চেয়ারম্যান, মদনপুরা ইউপি।
সদস্য- উপজেলা সমাজসেবা কর্মকর্তা।
সদস্য- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।
সদস্য- উপজেলা একাডেমিক সুপারভাইজার।
সদস্য- উপজেলা সমবায় কর্মকর্তা।
সদস্য- উপ- সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য।
সদস্য- শফিকুল ইসলাম উপ- সহকারী প্রকৌশলী, এলজিইডি।

২। উপজেলা পরিষদ চত্বরে অফিসার্স কোয়ার্টার (শ্যামলী) সিড়ি ঘরের ছাউনি সংস্কার, বরাদ্দ- ১,০০,০০০/- টাকা, তহবিল- পরিষদ রাজস্ব ২০১৭-১৮, খাত- বাসা বাড়ি ভবন সংস্কার। দরপত্র গ্রহনের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে।

৩। উপজেলা পরিষদ চত্বরে পুকুরের মধ্যের ফোয়ারা নির্মানে পূর্ত কাজের জন্য বরাদ্দ-১,২০,০০০/- টকা, তহবিল- পরিষদ রাজস্ব উন্নয়ন ২০১৭-১৮। (অফিস অংশ) দরপত্র গ্রহনের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। ৩১ তম সভার অনুমোদিত প্রকল্পের সংগে যৌথ প্রকল্প গ্রহণ করা হবে।

৪। প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ ও শিক্ষার্থীদের পাঠ দানের সুবিধার্থে অস্থায়ী ভিত্তিতে শেড নির্মানের জন্য ও একটি বিদ্যালয়ের টয়লেট ও গভীর নলকূপ স্থানান্তরের জন্য নিম্ন রূপ প্রকল্প অনুমোদিত হয়। কাজগুলি অতীব জরুরী বিধায় প্রকল্প কমিটি গঠনের মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়।

(১) পূর্ব দাশপড়া সঃ প্রাঃ বিদ্যালয় ও পশ্চিম খাজুরবাড়িয়া সঃ প্রাঃ বিদ্যালয় অস্থায়ী শেড নির্মাণ বরাদ্দ- ২,০০,০০০/- টাকা। প্রকল্প কমিটি নিম্নরূপঃ-

চেয়ারম্যান- চেয়ারম্যান, দাশপাড়া ইউপি।
সদস্য- সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী শিক্ষা কর্মকর্তা।
সদস্য- প্রধান শিক্ষক, পূর্ব দাশপড়া সঃ প্রাঃ বিদ্যালয়
সদস্য- প্রধান শিক্ষক, পশ্চিম খাজুরবাড়িয়া সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- উপ- সহকারী প্রকৌশলী, এলজিইডি ০১ জন।
সদস্য- সভাপতি, পূর্ব দাশপড়া সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- সভাপতি, পশ্চিম খাজুরবাড়িয়া সঃ প্রাঃ বিদ্যালয়।

(২) নাজিরপুর বড় ডালিমা আজাদ সঃ প্রাঃ বিদ্যালয়ে বরাদ্দ- ১,০০,০০০/- টাকা, নাজিপুর বোর্ড সঃ প্রাঃ বিদ্যালয়ে বরাদ্দ- ৫০,০০০/- টাকাসহ সর্বমোট ১,৫০,০০০/- অস্থায়ী শেড নির্মানের জন্য বরাদ্দ প্রদান করা হয়। প্রকল্প কমিটি নিম্নরূপঃ-

চেয়ারম্যান- চেয়ারম্যান, নাজিরপুর ইউপি।
সদস্য- সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী শিক্ষা কর্মকর্তা।
সদস্য- প্রধান শিক্ষক, বড় ডালিমা আজাদ সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- প্রধান শিক্ষক, নাজিপুর বোর্ড সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- উপ- সহকারী প্রকৌশলী, এলজিইডি ০১ জন।
সদস্য- সভাপতি, বড় ডালিমা আজাদ সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- সভাপতি, নাজিপুর বোর্ড সঃ প্রাঃ বিদ্যালয়।

(৩) পশ্চিম নওমালা সঃ প্রাঃ বিদ্যালয় অস্থায়ী শেড নির্মানের জন্য ১,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়।

৩১.০৮.১৭

প্রকল্প কমিটি নিম্নরূপঃ-
চেয়ারম্যান- চেয়ারম্যান, নওমালা ইউপি।
সদস্য- সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী শিক্ষা কর্মকর্তা।
সদস্য- প্রধান শিক্ষক, পশ্চিম নওমালা সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- সভাপতি, পশ্চিম নওমালা সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- সহকারী শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়।
সদস্য- সহকারী শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়।
সদস্য- উপসহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট বিদ্যালয় ভবন নির্মাণ কাজে নিয়োজিত।

(৪) দরিয়াবাদ সঃ প্রাঃ বিদ্যালয়ে অস্থায়ী শেড নির্মানের জন্য ১,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। প্রকল্প কমিটি নিম্নরূপঃ-
চেয়ারম্যান- চেয়ারম্যান, কাছিপাড়া ইউপি।
সদস্য- সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী শিক্ষা কর্মকর্তা।
সদস্য- প্রধান শিক্ষক, দরিয়াবাদ সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- সভাপতি, দরিয়াবাদ সঃ প্রাঃ বিদ্যালয়।
সদস্য- সহকারী শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়।
সদস্য- সহকারী শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়।
সদস্য- উপসহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট বিদ্যালয় ভবন নির্মাণ কাজে নিয়োজিত।

(৫) মধ্য দাশপাড়া সঃ প্রাঃ বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ সুবিধার্থে টয়লেট ও গভীর নলকূপ স্থানান্তর বরাদ্দ- ৪০,০০০/- টাকা। বিল ভাউচারে বিল পরিশোধ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট এলাকার ইউপি চেয়ারম্যান দায়িত্ব পালন করবেন।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাউফল, পটুয়াখালী।